অগ্রণী ব্যাংক লিমিটেড
ব্রাঞ্চ এ্যান্ড সাবসিডিয়ারিজ/ ইউনিট কন্ট্রোল ডিভিশন
প্রধান কার্যালয়, ঢাকা।

নির্দেশ পরিপত্র নং-বিএসইউসিডি/৬৫/২০২১ তারিখ: ৩১-০৫-২০২১

মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক/
সহকারী মহাব্যবস্থাপক/ ব্যবস্থাপক
অগ্রণী ব্যাংক লিমিটেড এর
প্রধান কার্যালয়স্থ সকল বিভাগ/সার্কেল/অঞ্চল/কর্পোরেট শাখা/শাখা
বাংলাদেশ।

বিষয় ঃ "অগ্রণী ব্যাংক বিশেষ সঞ্চয় স্কীম (ABS)" এর হিসাব খোলার নিয়মাবলী পরিবর্তন/সংশোধন প্রসঙ্গে।

প্রধান কার্যালয়ের নির্দেশ পরিপত্র নং বিসিডি/১৩, তারিখ: ২৬-০২-২০০৮ এর মাধ্যমে এ ব্যাংকের অন্যতম জনপ্রিয় Recurring Deposit প্রডাক্ট "অগ্রণী ব্যাংক বিশেষ সঞ্চয় স্কীম (ABS)" নামীয় আমানত হিসাব চালু করা হয়। উক্ত আমানত হিসাবটি বর্তমানে T-24 Software এর মাধ্যমে পরিচালিত হওয়ায় সম্মানিত গ্রাহকগণ অনলাইন ও এসএমএস ব্যাংকিং সুবিধা পাচ্ছেন।

২। ২০২১ সালের ALCOM এর ২য় সভায় এ ব্যাংকের বিদ্যমান আমানত হিসাবসমূহ পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধন আনয়নের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। তদ্প্রেক্ষিতে এবিএস হিসাব পরিচালনার নীতিমালায় সময়ের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধন আনয়নের নিমিত্ত পরিচালনা পর্ষদের ২০-০৫-২০২১ তারিখে অনুষ্ঠিত ৭২৭তম সভায় স্মারক উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক নিম্নোক্ত পরিবর্তন/সংশোধনের বিষয়ে অনুমোদন প্রদান করা হয়েছে:

ক্রঃ নং	প্রতিপাদ্য বিষয়	বর্তমানে প্রচলিত নিয়মাবলী	অনুমোদিত সংশোধনী
(১)	মেয়াদ	৫ (পাঁচ) বছর ও ১০ (দশ) বছর।	৫ (পাঁচ) বছর, ১০ (দশ) বছর ও ১৫ (পনের বছর)।
(২)	সুদের হার	৫ বছর মেয়াদের ক্ষেত্রে ৬% চক্রবৃদ্ধিহারে এবং ১০ বছর মেয়াদের ক্ষেত্রে ৭% চক্রবৃদ্ধিহারে।	৫ বছর মেয়াদের ক্ষেত্রে ৬% চক্রবৃদ্ধিহারে, ১০ বছর মেয়াদের ক্ষেত্রে ৭% চক্রবৃদ্ধিহারে এবং ১৫ বছর মেয়াদের ক্ষেত্রে ৮% চক্রবৃদ্ধিহারে (সকল মেয়াদে সুদের হার পরিবর্তনযোগ্য)।
(৩)	মাসিক কিস্তি জমাদান পদ্ধতি	প্রতি মাসের ১ তারিখ থেকে ১৫ তারিখের মধ্যে	প্রতি মাসের যে কোন কর্মদিবসে মাসিক কিস্তি জমা করা যাবে, তবে মাসের শেষ কর্মদিবস ছুটি থাকলে অবশ্যই পূর্ববর্তী কর্মদিবসে কিস্তি জমা করতে হবে।
(৪)	হিসাব খোলার তারিখ	প্রতি মাসের ১ তারিখ থেকে ১৫ তারিখের মধ্যে।	প্রতি মাসের যে কোন কর্মদিবসে।
(৫)	মাসিক কিস্তি	মাসিক ১০০০/-, ২০০০/-, ৩০০০/-, ৪০০০/-, ৫০০০/-, ৬০০০/-, ৭০০০/-, ৮০০০/-, ৯০০০/- ও ১০০০০/- টাকা।	মাসিক সর্বনিম্ন ১০০০/- এবং এর গুণিতক হারে সর্বোচ্চ ৫০০০০/- টাকা পর্যন্ত।
(৬)	হিসাব খোলার যোগ্যতা	কোন নাবালক বা নাবালিকা এ স্কীমের আওতায় হিসাব খুলতে পারবেন না।	নাবালক বা নাবালিকার নামে পিতা/মাতা বা আইনসিদ্ধ অভিভাবকগণ হিসাব খুলতে পারবেন। নাবালক বা নাবালিকা ১৮ বছর বয়:প্রাপ্তিতে উপযুক্ত প্রমাণ উপস্থাপন সাপেক্ষে নিজেই হিসাব পরিচালনা করতে পারবেন।
(৭)	একই ব্যক্তির নামে একাধিক হিসাব খোলা	একই ব্যক্তির নামে ব্যাংকের একই শাখায় বা বিভিন্ন শাখায় এই স্কীমের আওতায় একাধিক হিসাব খোলা যাবে না।	একই ব্যক্তির নামে ব্যাংকের একই শাখায় বা বিভিন্ন শাখায় এই স্কীমের আওতায় একাধিক হিসাব খোলা যাবে। তবে, প্রতিষ্ঠানের নামে কোন হিসাব খোলা যাবে না।
(৮)	মেয়াদের পূর্বে হিসাব বন্ধ করা	৫ ও ১০ বছর মেয়াদী হিসাবে ক্ষেত্রে প্রধান কার্যালয়ের নির্দেশ পরিপত্র নং বিএসইউসিডি/১৪, তারিখ: ০৯-০২-২০১৭ এবং বিএসইউসিডি/৬৮, তারিখ: ১৩-০৬-২০১৭ এর নিয়মাবলী প্রযোজ্য হবে।	৫ ও ১০ বছর মেয়াদী হিসাবে ক্ষেত্রে প্রধান কার্যালয়ের নির্দেশ পরিপত্র নং বিএসইউসিডি/১৪, তারিখ: ০৯-০২-২০১৭ এবং বিএসইউসিডি/৬৮, তারিখ: ১৩-০৬-২০১৭ এর নিয়মাবলী অপরিবর্তিত থাকবে। প্রস্তাবিত ১৫ বছর মেয়াদী হিসাবের ক্ষেত্রে নিম্নোক্ত নিয়মাবলী প্রযোজ্য হবে:

চলমান পাতা-২

নির্দেশ পরিপত্র নং-বিএসইউসিডি/৬৫/২০২১ তারিখ: ৩১-০৫-২০২১

বিষয় ঃ "অগ্রণী ব্যাংক বিশেষ সঞ্চয় স্কীম (ABS)" এর হিসাব খোলার নিয়মাবলী পরিবর্তন/সংশোধন প্রসঙ্গে।

ক্রঃ নং	প্রতিপাদ্য বিষয়	বর্তমানে প্রচলিত নিয়মাবলী	অনুমোদিত সংশোধনী
			▪ হিসাবের মেয়াদ ১(এক) বছর পূর্ণ হওয়ার পূর্বে গ্রাহক কর্তৃক হিসাব বন্ধের আবেদন করা হলে কেবল জমাকৃত মূল টাকা ফেরত পাবেন। ▪ হিসাবের মেয়াদ ১(এক) বছরের অধিক কিন্তু ৩(তিন) বছর পর্যন্ত মেয়াদের ক্ষেত্রে গ্রাহক জমাকৃত টাকার উপর ৩% সরল সুদসহ আসল টাকা ফেরত পাবেন। ▪ হিসাবের মেয়াদ ৩(তিন) বছরের অধিক কিন্তু ৫(পাঁচ) বছরের কম হলে গ্রাহক কর্তৃক জমাকৃত টাকার উপর ৪% সরল সুদসহ আসল টাকা ফেরত পাবেন। ▪ হিসাবের মেয়াদ ৫(পাঁচ) বছর পূর্ণ এবং ৫(পাঁচ) এর অধিক কিন্তু ১০(দশ) বছরের কম হলে প্রচলিত ৫(পাঁচ) বছর মেয়াদী এবিএস হিসাবের সুদহার প্রযোজ্য হবে। ▪ হিসাবের মেয়াদ ১০(দশ) বছর পূর্ণ এবং ১০(দশ) বছর এর অধিক কিন্তু ১৫(পনের) বছরের কম হলে প্রচলিত ১০(দশ) বছর মেয়াদী এবিএস হিসাবের সুদহার প্রযোজ্য হবে। ▪ বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং-১৯, তারিখ: ২২-১২-২০০৯ এর নির্দেশনা অনুযায়ী মেয়াদপূর্তির পূর্বে হিসাব বন্ধ করার বিপরীতে কোন সার্ভিস চার্জ আদায় করা যাবে না।
(৯)	কিস্তি খেলাপ	মেয়াদকালীন সময়ে ৫(পাঁচ) বছর মেয়াদী হিসাবের ক্ষেত্রে সর্বমোট ৫টি কিস্তি এবং ১০(দশ) বছর মেয়াদী হিসাবের ক্ষেত্রে সর্বমোট ১০টি কিস্তি খেলাপী গ্রহণযোগ্য হবে। প্রথম বছর ১টি এবং ২য় ও তৎপরবর্তী বছরসমূহে পরপর ৩টি খেলাপী কিস্তি গ্রহণযোগ্য হবে।	কিস্তি খেলাপীর বিষয়ে ৫(পাঁচ) ও ১০(দশ) বছর মেয়াদী হিসাবের ক্ষেত্রে পূর্ববর্তী নিয়ম অপরিবর্তিত থাকবে। ১৫(পনের) বছর মেয়াদী হিসাবের ক্ষেত্রে মেয়াদকালীন সময়ে সর্বমোট ১৫(পনের)টি খেলাপী কিস্তি গ্রহণযোগ্য হবে। এক্ষেত্রে প্রথম বছর ২টি এবং ২য় ও তৎপরবর্তী বছরসমূহে পরপর ৩টি খেলাপী কিস্তি গ্রহণযোগ্য হবে। হিসাব পুন:চালুকরণ ফি প্রতি হাজারে ২০/- টাকা জমাদান সাপেক্ষে স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হওয়া হিসাব পুনরায় চালু করা যাবে।
(১০)	অন্যান্য নিয়ম	-	এবিএস সংশ্লিষ্ট প্রধান কার্যালয়ের পূর্ববর্তী নির্দেশ পরিপত্র এবং ৫ ও ১০ বছর মেয়াদী হিসাবের অন্যান্য নিয়মাবলী নতুন করে চালুকৃত ১৫ বছর মেয়াদী হিসাবের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৩। এমতাবস্থায়, "অগ্রণী ব্যাংক বিশেষ সঞ্চয় স্কীম (ABS)" নামীয় আমানত হিসাবের জনপ্রিয়তা বৃদ্ধি এবং ব্যাংকের দীর্ঘমেয়াদী আমানতের ভিত্তি মজবুতকরণের প্রয়াসে এবিএস হিসাব পরিচালনার প্রচলিত নিয়মাবলীতে পর্ষদ কর্তৃক অনুমোদিত উল্লিখিত পরিবর্তন/সংশোধন এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো। শাখাসমূহ কর্তৃক উক্ত হিসাব খোলার বিষয়ে গ্রাহক ও জনসাধারণের মাঝে ব্যাপক প্রচারণা চালাতে হবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

৩১/০৫/২১
(রাওফা হক)
উপ-মহাব্যবস্থাপক

৩১/০৫/২১
(হোসাইন ঈমান আকন্দ)
মহাব্যবস্থাপক

নির্দেশ পরিপত্র নং-বিএসইউসিডি/৬৫/২০২১ তারিখ: ৩১-০৫-২০২১

বিষয় ঃ **"অগ্রণী ব্যাংক বিশেষ সঞ্চয় স্কীম (ABS)" এর হিসাব খোলার নিয়মাবলী পরিবর্তন/সংশোধন প্রসঙ্গে।**

সূচী: এবিএস হিসাব খোলার নিয়মাবলীতে পরিবর্তন/সংশোধন ।

বিতরণ:

১। ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মহোদয়ের সচিবালয়, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

২। উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

৩। সকল মহাব্যবস্থাপক মহোদয়ের সচিবালয়, অগ্রণী ব্যাংক লিমিটেড।

৪। উপ-মহাব্যবস্থাপক ও পরিচালক, এইচআর ট্রেনিং, রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট ডিভিশন, অগ্রণী ব্যাংক লিমিটেড, ধানমন্ডি, ঢাকা।

৫। অফিস কপি।

....